



রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড RURAL POWER COMPANY LIMITED

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড (আরপিসিএল)-এ “হিসাব রক্ষক/ অডিটর” পদে লোকবল নিয়োগের লক্ষ্যে গত ১৬ মার্চ ২০২০খ্রিঃ তারিখে দু’টি জাতীয় দৈনিক পত্রিকায় (দৈনিক ইত্তেফাক ও The Independent) ‘নিয়োগ বিজ্ঞপ্তি’ প্রকাশিত হয়। প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির বিপরীতে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মাধ্যমে আবেদনকারী প্রার্থীদের নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী লিখিত পরীক্ষা গ্রহণ করা হবেঃ

পরীক্ষার তারিখঃ ২৭/০২/২০২১খ্রিঃ, রোজ শনিবার

সময়ঃ সকাল ১১:৩০ ঘটিকা

স্থানঃ বাংলাদেশ পাওয়ার ইকুইপমেন্ট ম্যানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড (বিপিইএমসি)
সেনাকল্যাণ কমার্শিয়াল কমপ্লেক্স, ৫ম তলা, প্লট-৯, ব্লক-এফ, টঙ্গী, গাজীপুর।

উল্লেখ্য, লিখিত পরীক্ষায় অংশগ্রহণের লক্ষ্যে প্রার্থীদের জন্য পালনীয় সাধারণ নির্দেশনাবলীঃ

- প্রার্থীকে অবশ্যই ইন্টারভিউ কার্ড সাথে আনতে হবে এবং দায়িত্বপালনরত পরিদর্শককে তা প্রদর্শন করতে হবে;
- প্রার্থীকে ২টি কালো বল পয়েন্ট কলম সাথে আনতে হবে;
- মোবাইল ফোন এবং হাত ঘড়িসহ যে কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস আনয়ন করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। তবে ম্যানুয়াল/সাধারণ ক্যালকুলেটর আনয়ন করতে পারবেন;
- প্রার্থীকে পরীক্ষা শুরুর অন্তত: ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত থাকতে হবে;
- ইন্টারভিউ কার্ডে থাকা ছবি এবং মূল আবেদন ফরমের সাথে সংযুক্ত ছবিটি একই ব্যক্তির কিনা তা যাচাই করা হবে;
- কোন পরীক্ষার্থী পরীক্ষার হলে অসুদপায় অবলম্বন/ অসদাচরণ প্রদর্শন করলে, তার বিরুদ্ধে যে কোন ধরনের শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে;
- ইন্টারভিউ কার্ডটি লিখিত/ মৌখিক, উভয় পরীক্ষার জন্য ব্যবহারযোগ্য;
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ ডিএ প্রদান করা হবে না।

উল্লেখ্য, লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার বিষয়টি ইতোমধ্যে টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক এসএমএস এর মাধ্যমে প্রার্থীদেরকে অবহিত করা হয়েছে।

সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

প্রসঙ্গত কোভিড-১৯ হতে সুরক্ষার জন্য সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে।

২৪/০২/২০২১

ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচআর এন্ড এডমিন)
রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড

২৪/০২/২০২১

জেনারেল ম্যানেজার (এইচআর এন্ড এডমিন)
রুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড